

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ১৬, ২০০৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
পৌর শাখা-২

প্রজ্ঞাপন

তারিখ, ১৫ নভেম্বর ২০০৬/১ অর্থহায়ণ ১৪১৩

এস, আর, ও নং ২৯৮-আইন/২০০৬।—যেহেতু সরকার নাটোর জেলার গুরুদাসপুর মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলবর্ণিত এলাকাসমূহ কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার উদ্দেশ্যে The Declaration and Alterations of Municipalities Rules, 1978, অতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর Rule 3 এর বিধান মোতাবেক উক্তরূপ কর্তনের প্রস্তাব সম্বলিত একটি পাবলিক নোটিশ জারী এবং উহার উপর পরামর্শ ও আপত্তি আহবান করিবার জন্য নাটোর জেলার ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছিল; এবং

যেহেতু উক্ত নির্দেশ অনুযায়ী ডেপুটি কমিশনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া উক্ত মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলবর্ণিত এলাকাসমূহ কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার পক্ষে প্রতিবেদন দাখিল করিয়াছেন; এবং

যেহেতু সরকার উক্ত প্রতিবেদন বিবেচনান্তে উক্ত Rules এর Rule 4(2) এর অধীন গুরুদাসপুর মিউনিসিপ্যালিটি হইতে নিম্ন তফসিলবর্ণিত এলাকাসমূহ কর্তন করতঃ উহার সীমানা সংকুচিত করিবার জন্য সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে;

( ১১৫৮৩ )

মূল্য : টাকা ২.০০

সেহেতু The Paurashava Ordinance, 1977 (Ord. No. XXVI of 1977) এর section-4(b) তে প্রদত্ত ক্ষমতাবলে এবং উক্ত Rules এর rule 5 এর বিধান মোতাবেক সরকার আগামী ১৯-১১-২০০৬ তারিখ হইতে গুরুদাসপুর মিউনিসিপ্যালিটিভুক্ত নিম্ন তফসিলবর্ণিত এলাকাসমূহ কর্তন করিয়া গুরুদাসপুর মিউনিসিপ্যালিটির সীমানা সংকুচিত করিল, যথা :—

**তফসিল**

মৌজার নাম	জে, এল নং	দাগ নং
পার গুরুদাসপুর	৭০	১-৬০৫, ৬০৭-৬৫৫

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ দেলোয়ার হোসেন  
সিনিয়র সহকারী সচিব।

*(Faint, mostly illegible text in Bengali script, likely a duplicate or bleed-through from the reverse side of the page.)*

এ, কে, এম রফিকুল ইসলাম (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।  
মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।